# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 23 April, 2025

সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মেজর সিনহা মো. রাশেদ খান হত্যা মামলায় ডেথ রেফারেন্স ও আসামিদের আপিল শুনানি শুরু হয়েছে।বুধবার (২৩ এপ্রিল) সকালে বিচারপতি মোস্তাফিজুর রহমান ও বিচারপতি সগীর হোসেনের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চে এর শুনানি শুরু হয়।

এদিন শুনানির শুরুতে রাষ্ট্রপক্ষের আইনজীবী বলেন, মেজর সিনহা হত্যা মামলাটি একটি আলোচিত মামলা।সারাদেশের মানুষ এই মামলার দিকে তাকিয়ে আছে।পরে পেপারবুক পড়া শুরুর মধ্যদিয়ে আলোচিত এ মামলার শুনানি শুরু হয়।

২০২০ সালের ৩১ জুলাই রাত সাড়ে ৯টায় কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ সড়কের শামলাপুর তল্লাশিচৌকিতে পুলিশের বাহারছড়া তদন্তকেন্দ্রের তৎকালীন কর্মকর্তা পরিদর্শক লিয়াকত আলীর গুলিতে নিহত হন সিনহা মো. রাশেদ খান। ঘটনার পাঁচ দিন পর ২০২০ সালের ৫ আগস্ট নিহত সিনহার বোন শারমিন শাহরিয়ার ফেরদৌস বাদী হয়ে আদালতে এ মামলা করেন।

পরবর্তীতে একই বছরের ১৩ ডিসেম্বর ১৫ জনকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট জমা দেয় র‍্যাব।অভিযোগপত্রে সিনহা হত্যাকাণ্ডকে ‘পরিকল্পিত হত্যাকাণ্ড’ হিসেবে উল্লেখ করা হয়।

২০২২ সালের ৩১ জানুয়ারি কক্সবাজারের জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মোহাম্মদ ইসমাইল এ মামলার রায় ঘোষণা করেন। রায়ে ওসি প্রদীপ কুমার দাশ ও পরিদর্শক মো. লিয়াকত আলীকে মৃত্যুদণ্ড ছাড়াও টেকনাফ থানার এসআই নন্দদুলাল রক্ষিত ও কনস্টেবল

রুবেল শর্মা এবং সাগর দেবকে যাবজ্জীবন কারাদণ্ড দেয়া হয়।

এছাড়া কক্সবাজারের বাহারছড়ার মারিশবুনিয়া গ্রামের মো. নুরুল আমিন, মোহাম্মদ আইয়াজ ও মো. নিজাম উদ্দিনকে যাবজ্জীবন কারাদণ্ড দেয়া হয়।বাকি সাত আসামি খালাস পান।পরে মৃত্যুদণ্ড নিশ্চিতকরণে ডেথ রেফারেন্স হাইকোর্টে আসে।অন্যদিকে কারাগারে থাকা দণ্ডিত আসামিরা আপিল করেন।

সেনাবাহিনী মেজর সিনহা হত্যা মামলা আসামি বিচারপতি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 00:47

URL: https://timestodaybd.com/national/8374711286